NEW EDITION

# বিসিএস প্রিলিমিনারি
# বাংলা
## ভাষা ও সাহিত্য

- বিসিএস প্রিলিমিনারি
- বিজেএস (সহকারি জজ)
- বাংলাদেশ ব্যাংকসহ সকল ব্যাংক নিয়োগ
- এনএসআই ও নন-ক্যাডার নিয়োগ
- প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক নিয়োগ
- শিক্ষক-প্রভাষক নিবন্ধন
- এসআই (পুলিশ/সার্জেন্ট) লিখিত
- বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা
- নার্সিং ভর্তি পরীক্ষাসহ সকল প্রতিযোগিতামূলক পরীক্ষার শ্রেষ্ঠ সহায়িকা


**এম. আরফাত চৌধুরী**
বিসিএস শিক্ষা

তথ্য বিন্যাস ও উপস্থাপনায়
**BCS হেল্পলাইন রিসার্চ গ্রুপ**

**মোহাম্মদ নেয়ামত উল্যাহ ভূঁইয়া**
সহযোগী অধ্যাপক (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়)

**ফখরুজ্জামান সৈকত**
বিসিএস শিক্ষা

**মো: গোলাম মোস্তফা**
বিসিএস শিক্ষা

**মুহাম্মদ আবুল কালাম আজাদ**
বিসিএস শিক্ষা

**মোহাম্মদ আরশেদ আলম**
বিসিএস শিক্ষা

**জুয়েল মওলা**
এনায়েত বাজার কলেজ, চট্টগ্রাম



খোশরোজ কিতাব মহল লিমিটেড
E-mail : khoshrozkitabmahalltd@gmail.com, Phone : 47117084, 47117710

# ৪৫তম বিসিএস-এ আমাদের বই থেকে কমন আসার প্রমাণ

| ৪৫তম বিসিএস প্রিলি পরীক্ষার প্রশ্ন | উত্তর | পৃষ্ঠা নং |
|---|---|---|
| 'ধ্বনি' সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়? | ধ্বনি দৃশ্যমান | পৃষ্ঠা ১৭২ |
| শুদ্ধ বানানের গুচ্ছ কোনটি? | শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন | পৃষ্ঠা ১৭৯ |
| আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ? | স্পেনিশ | পৃষ্ঠা ১৭১ |
| সর্বপ্রথম বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন কে? | মানোএল দ্য আসসুম্পসাঁও | পৃষ্ঠা ১৭১ |
| উচ্চারণের রীতি অনুযায়ী নিচের কোনটি উচ্চমধ্য-সম্মুখ স্বরধ্বনি? | এ | পৃষ্ঠা ১৭৪ |
| 'তুমি তো ভারি সুন্দর ছবি আঁক! –বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে? | অনন্বয়ী অব্যয় | পৃষ্ঠা ১৯৭ |
| নিচের কোনটি যৌগিক শব্দ? | মিতালি | পৃষ্ঠা ১৮৩ |
| 'সুনামীর তান্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে। –বাক্যটিতে কয়টি ভুল আছে? | তিনটি | পৃষ্ঠা ১৫২ |
| 'তোমার নাম কী?' এখানে 'কী' কোন প্রকারের পদ? | সর্বনাম | পৃষ্ঠা ১৯৫ |
| 'সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি? | গরল | পৃষ্ঠা ১৮৮ |
| 'Rank' শব্দের বাংলা পরিভাষা কী? | পদমর্যাদা | পৃষ্ঠা ২২৯ |
| চর্যাপদের তিব্বতি অনুবাদ প্রকাশ করেন কে? | প্রবোধচন্দ্র বাগচী | পৃষ্ঠা ৬ |
| 'গীতগোবিন্দ' কাব্যের রচয়িতা জয়দেব কার সভাকবি ছিলেন? | লক্ষ্মণ সেনের | পৃষ্ঠা ২১ |
| কবি যশোরাজ খান বৈষ্ণবপদ রচনা করেন কোন ভাষায়? | ব্রজবুলি | পৃষ্ঠা ২১ |
| নিচের কোন জন যুদ্ধকাব্যের রচয়িতা নন? | সৈয়দ নূরুদ্দীন | পৃষ্ঠা ৩৮ |
| কোনটি কবি জৈনুদ্দিনের কাব্যগ্রন্থ? | রসুল বিজয় | পৃষ্ঠা ৩৩ |
| প্রথম সাহিত্যিক গদ্যের স্রষ্টা কে? | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | পৃষ্ঠা ৯৯ |
| প্যারীচাঁদ মিত্রের "আলালের ঘরের দুলাল" প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয় কত সালে? | ১৮৫৮ সালে | পৃষ্ঠা ৬১ |
| শচীন, দামিনী ও শ্রীবিলাস রবীন্দ্রনাথ ঠাকুরের কোন উপন্যাসের চরিত্র? | চতুরঙ্গ | পৃষ্ঠা ৬১ |
| "তুমি মা কল্পতরু", আমরা সব পোষাগরু" –কবিতাংশটির রচয়িতা কে? | ঈশ্বরচন্দ্র গুপ্ত | পৃষ্ঠা-১৩৬ |
| মীর মশাররফ হোসেনের কোন গ্রন্থের উপজীব্য হিন্দু-মুসলমানের বিরোধ? | গো-জীবন | পৃষ্ঠা ১২১ |
| রবীন্দ্রনাথ ঠাকুর কত বয়সে ছোটগল্পকার হিসেবে আত্মপ্রকাশ করেন? | ১৬ | পৃষ্ঠা ১০৫ |
| 'আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে? | রুদ্র-মঙ্গল | পৃষ্ঠা ১১১ |
| 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মোতাহের হোসেন চৌধুরী কাকে তপোবন-প্রেমিক বলেছেন? | রবীন্দ্রনাথ ঠাকুরকে | পৃষ্ঠা ১০৭ |
| আখতারুজ্জামান ইলিয়াস জন্মগ্রহণ করেন কোথায়? | গাইবান্ধায় | পৃষ্ঠা ১২৮ |
| মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত 'অমিত্রাক্ষর ছন্দ' প্রকৃত পক্ষে বাংলা কোন ছন্দের নব-রূপায়ণ? | মাত্রাবৃত্ত ছন্দ | পৃষ্ঠা ১০০ |
| "বুক তার বাংলাদেশের হৃদয়" কাব্যগ্রন্থের রচয়িতা কে? | শামসুর রাহমান | পৃষ্ঠা ১৫৩ |
| 'দুর্দিনের দিনলিপি' স্মৃতিগ্রন্থটি কার লেখা? | আবুল ফজল | পৃষ্ঠা ১৩২ |

# সূচি

## প্রথম পর্ব : বাংলা সাহিত্য


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|
| অধ্যায় ০১ | বাংলা ভাষার উৎপত্তি | ১ |
| | বাংলা ভাষারীতি | ২ |
| | বাংলা লিপি | ৩ |
| | বাংলা ছাপাখানা | ৪ |
| অধ্যায় ০২ | বাংলা সাহিত্যের যুগ বিভাগ | ৫ |
| | প্রাচীন যুগ | ৫ |
| | চর্যাপদ-এর সংক্ষিপ্ত পরিচিতি | ৫ |
| | চর্যাপদ আবিষ্কার | ৬ |
| | চর্যাপদ সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্য | ৮ |
| | চর্যাপদের কবিদের পরিচয় | ৯ |
| অধ্যায় ০৩ | বাংলা সাহিত্যের মধ্যযুগ | ১৫ |
| | অন্ধকার যুগ | ১৬ |
| | অন্ধকার যুগ পরবর্তী মধ্যযুগের সাহিত্য | ১৫ |
| | মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকগণ | ১৭ |
| | শ্রীকৃষ্ণকীর্তন | ১৮ |
| | শ্রীকৃষ্ণকীর্তন-এর খণ্ডসমূহ | ১৯ |
| | বৈষ্ণব সাহিত্য বা বৈষ্ণব পদাবলি | ২০ |
| | চণ্ডীদাস সমস্যা | ২২ |
| | জীবনী সাহিত্য | ২২ |
| | শ্রী চৈতন্যদেব | ২২ |
| | মঙ্গল কাব্য | ২৩ |
| | মনসামঙ্গল কাব্য | ২৪ |
| | চণ্ডীমঙ্গল কাব্য | ২৫ |
| | অন্নদামঙ্গল, ধর্মমঙ্গল, শিবমঙ্গল বা শিবায়ন | ২৭ |
| | কালিকামঙ্গল | ২৮ |
| | অনুবাদ সাহিত্য | ২৯ |
| | সংস্কৃত থেকে অনুবাদ | ২৯ |
| | রামায়ণ, মহাভারত, ভাগবত | ৩০ |
| | আরবি থেকে অনুবাদ, হিন্দি থেকে অনুবাদ ও ফারসি থেকে অনুবাদ | ৩১ |
| | রোমান্টিক প্রণয়োপাখ্যান | ৩৩ |
| | ইউসুফ জুলেখা | ৩৪ |
| | লাইলি মজনু | ৩৫ |

| অধ্যায় | বিষয় | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|
| অধ্যায় ০৩ | আরাকান রাজসভায় বাংলা সাহিত্য | ৩৫ |
| | পদ্মাবতী | ৩৭ |
| | নাথ সাহিত্য | ৩৭ |
| | মর্সিয়া সাহিত্য | ৩৮ |
| | কবিওয়ালা ও শায়ের | ৩৮ |
| | পুঁথি সাহিত্য | ৪০ |
| | লোক সাহিত্য | ৪১ |
| | নাথ গীতিকা, মৈয়মনসিংহ গীতিকা | ৪২ |
| | পূর্ববঙ্গ গীতিকা | ৪৩ |
| | লোক কথা | ৪৩ |
| | লোক সংগীত | ৪৩ |
| | ডাক ও খনার বচন | ৪৬ |
| | যুগ সন্ধিক্ষণ | ৪৭ |
| অধ্যায় ০৪ | **বাংলা সাহিত্যের আধুনিক যুগ** | ৪৮ |
| | বাংলা গদ্যের উৎপত্তি | ৪৮ |
| | রচনার বিশেষত্ব, শ্রীরামপুর মিশন | ৪৯ |
| | ফোর্ট উইলিয়াম কলেজ | ৫০ |
| | কয়েকটি রচনার সংক্ষিপ্ত বিবরণ | ৫০ |
| | ফোর্ট উইলিয়াম কলেজের বিশিষ্ট লেখকগণ | ৫১ |
| | মহামেডান লিটারেরি সোসাইটি | ৫২ |
| | বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি | ৫২ |
| | ঢাকা মুসলিম সাহিত্য সমাজ | ৫২ |
| | বাংলা একাডেমি | ৫২ |
| | বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থ | ৫৩ |
| | আধুনিক যুগে রচিত বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থ | ৫৪ |
| অধ্যায় ০৫ | **বাংলা সাহিত্যের সৃষ্টিসমূহের রকমফের** | ৫৫ |
| | বাংলা সাহিত্যের মহাকাব্য | ৫৫ |
| | বাংলা কবিতা ও কাব্য | ৫৬ |
| | প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ | ৫৭ |
| | বাংলা সাহিত্যে কবি ও কাব্যগ্রন্থ | ৫৭ |
| | বাংলা সাহিত্যে কবি ও কাব্যসমূহ | ৫৭ |
| | বাংলা কাব্যে বিভিন্ন চরিত্র | ৫৯ |
| | বাংলা উপন্যাস | ৬১ |
| | বিখ্যাত কয়েকজন উপন্যাসিকের প্রথম প্রকাশিত উপন্যাস | ৬১ |
| | উপন্যাস ও উপন্যাসের প্রধান চরিত্র | ৬১ |
| | বাংলা সাহিত্যের বিখ্যাত কিছু উপন্যাস | ৬২ |
| | বাংলা ছোটগল্প ও প্রবন্ধ | ৬৫ |
| | বাংলা ছোটগল্পের কিছু গুরুত্বপূর্ণ চরিত্র | ৬৮ |
| | বাংলা সাহিত্যে নাটক | ৭০ |

| অধ্যায় | বিষয় | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|
| অধ্যায় ০৫ | বাংলা সাহিত্যে বিখ্যাত নাটকসমূহ | ৭০ |
| | বাংলা ভাষার সাহিত্যিকদের ছদ্মনাম | ৭২ |
| | বাংলা ভাষার সাহিত্যিকদের উপাধি | ৭৩ |
| | বাংলা সাহিত্যের প্রথম সৃষ্টিকর্মসমূহ | ৭৪ |
| | বাংলা সাহিত্যকর্মে কিছু নামের মিল-অমিল | ৭৫ |
| | সাহিত্যিকগণ যে রচনা যাকে উৎসর্গ করেছেন | ৭৬ |
| | বাংলা সাহিত্যের কিছু গ্রন্থের বিশেষত্ব | ৭৭ |
| | বিভিন্ন রচনার প্রেক্ষাপট | ৭৮ |
| | রচনা/গ্রন্থের উপজীব্য বিষয় | ৭৮ |
| | আলোচিত অনুবাদ গ্রন্থ | ৭৯ |
| | বিখ্যাত রম্যরচনা | ৭৯ |
| | বাংলা সাহিত্যের কিছু ভ্রমণ কাহিনী ও প্রহসন | ৮০ |
| | বিভিন্ন সময়ে সরকার কর্তৃক বাজেয়াপ্ত কিছু গ্রন্থ | ৮১ |
| | কবি সাহিত্যিকদের রচিত প্রথম গ্রন্থ | ৮১ |
| | বিভিন্ন পঙক্তি ও উদ্ধৃতির রচয়িতা | ৮২ |
| | ভাষা আন্দোলন ভিত্তিক গ্রন্থ | ৮৬ |
| | মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ | ৮৬ |
| | মুক্তিযুদ্ধ বিষয়ক ও দেশাত্মবোধক গান | ৮৮ |
| | মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র | ৮৯ |
| | আলোচিত বাংলা সংবাদপত্রসমূহ | ৮৯ |
| | বাংলা সাহিত্য বিকাশে অবদান রাখা সংবাদপত্রসমূহ | ৯০ |
| | বিবিধ জাতীয় বিষয় সংশ্লিষ্ট সাহিত্য ও তথ্যাবলি | ৯১ |
| | বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডব | ৯৪ |
| | পুরস্কার ও সম্মাননা | ৯৪ |
| অধ্যায় ০৬ | **আধুনিক যুগের সাহিত্যিকদের পরিচিতি** | **৯৮** |
| | বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | ৯৮ |
| | প্রথম বিদ্রোহী কবি মাইকেল মধুসূদন দত্ত | ৯৯ |
| | বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর | ১০২ |
| | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম | ১০৯ |
| | পল্লীকবি জসীম উদদীন | ১১৬ |
| | সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ১১৮ |
| | মীর মশাররফ হোসেন | ১২০ |
| | দীনবন্ধু মিত্র | ১২২ |
| | বেগম রোকেয়া | ১২৩ |
| | কায়কোবাদ | ১২৫ |
| | ফররুখ আহমদ | ১২৬ |
| | অদ্বৈত মল্লবর্মণ, অন্নদাশঙ্কর রায় | ১২৭ |

| অধ্যায় | বিষয় | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|
| অধ্যায় ০৬ | অমিয় চক্রবর্তী, আখতারুজ্জামান মোহাম্মদ ইলিয়াস | ১২৮ |
| | আবদুল করিম সাহিত্যবিশারদ, আবদুল গাফফার চৌধুরী, আবদুল মান্নান সৈয়দ | ১২৯ |
| | আবদুল্লাহ আল-মামুন, আবদুল্লাহ আল-মুতি শরফুদ্দীন, আবু ইসহাক | ১৩০ |
| | আবু জাফর ওবায়দুল্লাহ, আবু জাফর শামসুদ্দীন | ১৩১ |
| | আবুল ফজল, আবুল মনসুর আহমদ | ১৩২ |
| | আধুনিক আল-মাহমুদ, আলাউদ্দীন আল-আজাদ | ১৩৩ |
| | আহমদ ছফা | ১৩৪ |
| | আহমদ শরীফ, আহসান হাবীব | ১৩৫ |
| | ঈশ্বরচন্দ্র গুপ্ত, এম. আর. আখতার মুকুল, এস ওয়াজেদ আলী | ১৩৬ |
| | কাজী মোতাহের হোসেন, কুসুমকুমারী দাস, কৃষ্ণচন্দ্র মজুমদার | ১৩৭ |
| | গিরিশচন্দ্র সেন, জহির রায়হান | ১৩৮ |
| | জাহানারা ইমাম | ১৩৯ |
| | জীবনানন্দ দাশ, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | ১৪০ |
| | তাহমিনা আনাম, দীনেশচন্দ্র সেন | ১৪১ |
| | নির্মলেন্দু গুণ, নীলিমা ইব্রাহিম | ১৪২ |
| | নুরুল মোমেন, নবীনচন্দ্র সেন | ১৪৩ |
| | নজিবর রহমান সাহিত্যরত্ন, প্যারীচাঁদ মিত্র, প্রথম চৌধুরী | ১৪৪ |
| | বিহারী লাল চক্রবর্তী, বুদ্ধদেব বসু | ১৪৫ |
| | বিষ্ণু দে, মানিক বন্দ্যোপাধ্যায় | ১৪৬ |
| | মামুনুর রশীদ, মাহবুব-উল-আলম চৌধুরী | ১৪৭ |
| | মুনীর চৌধুরী, রাজা রামমোহন রায় | ১৪৮ |
| | রফিক আজাদ, রশীদ হায়দার | ১৪৯ |
| | রুদ্র মুহাম্মদ শহিদুল্লাহ, শওকত ওসমান | ১৫০ |
| | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | ১৫১ |
| | শহীদুল জহির, শহীদ কাদরী, শহীদুল্লাহ কায়সার | ১৫২ |
| | শামসুদ্দীন আবুল কালাম, শামসুর রাহমান | ১৫৩ |
| | সিকান্দার আবু জাফর, সুফিয়া কামাল | ১৫৪ |
| | সেলিনা হোসেন | ১৫৫ |
| | সেলিম আল-দীন, সৈয়দ আলী আহসান | ১৫৬ |
| | সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী | ১৫৭ |
| | সৈয়দ ওয়ালীউল্লাহ, সৈয়দ মুজতবা আলী | ১৫৮ |
| | সৈয়দ শামসুল হক | ১৫৯ |
| | সুধীন্দ্রনাথ দত্ত, হাসান আজিজুল হক | ১৬০ |
| | হাসান হাফিজুর রহমান, হুমায়ুন আজাদ | ১৬১ |
| | হুমায়ুন আহমেদ | ১৬২ |
| | হরিশংকর জলদাস, হেলাল হাফিজ | ১৬৩ |
| | ড. মুহম্মদ শহীদুল্লাহ | ১৬৪ |

# দ্বিতীয় পর্ব : বাংলা ব্যাকরণ



| অধ্যায় | বিষয় | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|
| অধ্যায় ০১ | বাংলা ভাষা ও লিপি | ১৬৬ |
| | বাংলা লিপির উৎপত্তি | ১৬৬ |
| | বাংলালা লিপির পরিণতি | ১৬৭ |
| | বাংলা ভাষারীতি | ১৬৮ |
| | আঞ্চলিক ভাষা, সাধু ও চলিত ভাষারীতিতে পদের রূপভেদ | ১৬৯ |
| | বাংলা অভিধান, বাংলা অভিধান সম্পর্কিত গ্রন্থাবলি | ১৭০ |
| | বাংলা ব্যাকরণ, বাংলা ব্যাকরণ বিষয়ক কিছু গ্রন্থ | ১৭১ |
| | ঐতিহাসিক ব্যাকরণগুলোর নাম ও রচয়িতা | ১৭২ |
| অধ্যায় ০২-ক | ধ্বনি ও বর্ণ | ১৭৩ |
| | বর্ণমালা, স্বরধ্বনি বা বর্ণ, স্বরবর্ণের শ্রেণিবিভাগ | ১৭৩ |
| | বাংলা স্বরবর্ণের উচ্চারণ | ১৭৪ |
| | ব্যঞ্জন ধ্বনি বা বর্ণ, বর্গীয় বর্ণসমূহ | ১৭৫ |
| | ব্যঞ্জন ধ্বনির কিছু বিশেষ নাম, বর্ণের মাত্রা সম্পর্কিত তথ্য | ১৭৬ |
| | কতিপয় যুক্ত ব্যঞ্জন বর্ণ | ১৭৭ |
| অধ্যায় ২-খ | ধ্বনির পরিবর্তন | ১৭৯ |
| অধ্যায় ০৩-ক | বাংলা ভাষার শব্দ | ১৮২ |
| | সাধিত শব্দ গঠনের মাধ্যমসমূহ, শব্দের প্রকারভেদ, মৌলিক শব্দ গঠনের মাধ্যমসূহ | ১৮২ |
| | শব্দের অর্থগত শ্রেণিবিভাগ, উৎপত্তি অনুসারে শব্দের শ্রেণিবিভাগ | ১৮৩ |
| | কিছু বিদেশি শব্দ | ১৮৪ |
| | বাংলা ভাষায় ব্যবহৃত মিশ্রশব্দ বা সংকর | ১৮৬ |
| অধ্যায় ৩-খ | দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত | ১৮৮ |
| | শব্দের দ্বিরুক্তি, পদের দ্বিরুক্তি | ১৮৮ |
| | অনুকার অব্যয়ের দ্বিরুক্তি বা ধ্বন্যাত্মক দ্বিরুক্তি | ১৮৯ |
| অধ্যায় ০৪ | পদ | ১৯০ |
| | বিশেষ্য পদ, বিশেষণ পদ | ১৯১ |
| | বিশেষণের অতিশায়ন | ১৯৩ |
| | বিশেষ্য থেকে বিশেষণ পদে পরিবর্তন | ১৯৪ |
| | সর্বনাম পদ | ১৯৫ |
| | সর্বনামের পুরুষ, সর্বনামের বিশিষ্ট প্রয়োগ, অনিশ্চয়তাবাচক যৌগিক সর্বনাম | ১৯৬ |
| | অব্যয় পদ | ১৯৭ |
| | ক্রিয়া পদ | ১৯৮ |
| | ক্রিয়ার ভাব | ২০০ |
| | পদ পরিবর্তনের নিয়ম | ২০১ |
| অধ্যায় ০৫ | বাংলা বাক্য | ২০৩ |
| | বাক্যের প্রকারভেদ | ২০৪ |
| | উদ্দেশ্য ও বিধেয়ের সম্প্রসারক | ২০৫ |
| | বাক্য রূপান্তর | ২০৬ |

| অধ্যায় | বিষয় | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|
| অধ্যায় ৬(ক) | সমার্থক শব্দ | ২১২ |
| অধ্যায় ৬(খ) | প্রায়-সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ | ২১৭ |
| অধ্যায় ৬(গ) | সংখ্যাবাচক শব্দ | ২২৩ |
| অধ্যায় ০৭ | পারিভাষিক শব্দ | ২২৫ |
| অধ্যায় ০৮ | সন্ধি | ২৩১ |
| | স্বরসন্ধি | ২৩২ |
| | ব্যঞ্জন সন্ধি | ২৩৮ |
| | বিসর্গ সন্ধি | ২৪৪ |
| অধ্যায় ০৯ | সমাস | ২৪৮ |
| | দ্বন্দ্ব, কর্মধারয়, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বিগু ও অব্যয়ীভাব সমাস | ২৪৯-২৫ |
| অধ্যায় ১০(ক) | ধাতু বা শব্দমূল | ২৬১ |
| অধ্যায় ১০(খ) | প্রকৃতি ও প্রত্যয় | ২৬৩ |
| অধ্যায় ১১ | বাংলা বানান | ২৭৪ |
| | ন-ত্ব ও ষ-ত্ব বিধান, বাংলা বানানের নিয়মসমূহ, বাংলা একাডেমি'র প্রমিত বানানরীতি | ২৭৪-২৮ |
| অধ্যায় ১২ | বিপরীত শব্দ | ২৮৮ |
| অধ্যায় ১৩ | প্রয়োগ-অপপ্রয়োগ | ২৯৪ |
| অধ্যায় ১৪ | উপসর্গ ও অনুসর্গ | ৩০৩ |
| অধ্যায় ১৫ | পদাশ্রিত নির্দেশক ও অনুসর্গ | ৩০৮ |
| অধ্যায় ১৬ | পুরুষ ও স্ত্রীবাচক শব্দ | ৩১০ |
| অধ্যায় ১৭ | বাংলা শব্দে বচন | ৩১৪ |
| অধ্যায় ১৮ | কারক ও বিভক্তি | ৩১৭ |
| অধ্যায় ১৯ | বাক্য সংকোচন | ৩২৪ |
| অধ্যায় ২০ | বাগধারা | ৩৩৩ |
| অধ্যায় ২১ | প্রবাদ-প্রবচন | ৩৪০ |
| অধ্যায় ২২ | ক্রিয়ার কাল | ৩৪৩ |
| অধ্যায় ২৩ | বাংলা অনুজ্ঞা | ৩৪৫ |
| অধ্যায় ২৪(ক) | বাচ্য পরিবর্তন | ৩৪৬ |
| অধ্যায় ২৪(খ) | উক্তি | ৩৪৮ |
| অধ্যায় ২৫ | অনুবাদ | ৩৫০ |
| অধ্যায় ২৬ | শূন্যস্থান পূরণ | ৩৫২ |
| অধ্যায় ২৭ | ছন্দ ও অলংকার | ৩৫৪ |
| অধ্যায় ২৮ | বিরাম চিহ্ন | ৩৫৭ |
| অধ্যায় ২৯ | পত্র লিখন | ৩৬১ |
| অধ্যায় ৩০ | সারাংশ ও সারমর্ম | ৩৬৩ |
| অধ্যায় ৩১ | ভাবসম্প্রসারণ | ৩৬৪ |
| অধ্যায় ৩২ | বাংলা উচ্চারণ | ৩৬৬ |
| | **বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন ও সমাধান** | ৩৭০-৩৭৬ |

| ০১ | বাংলা ভাষার উৎপত্তি |
| --- | --- |
| অধ্যায় | Origin of Bengali Language |

## বাংলা ভাষা
## Bengali Language

বর্তমানে পৃথিবীতে প্রচলিত প্রায় সাড়ে তিন হাজার ভাষার মধ্যে একটি ভাষা বাংলা। ভাষী জনসংখ্যার দিক থেকে বাংলা বিশ্বের চতুর্থ বৃহৎ মাতৃভাষা। প্রায় ৩০ কোটি লোক বাংলা ভাষায় কথা বলে। ভাষা বিজ্ঞানিগণ পৃথিবীর সকল ভাষাকে কয়েকটি ভাগে (কাল্পনিক নাম দিয়ে) ভাগ করেছেন। এর মধ্যে একটি ভাষাবংশ বা ভাষাগোষ্ঠির নাম ইন্দো-ইউরোপীয়। খ্রিস্টপূর্ব পাঁচ হাজার বছর আগে পূর্ব ইউরোপ ও মধ্য এশিয়ার ইন্দো-ইউরোপীয় মূলভাষার উদ্ভব বলে ধারণা করা হয়। ভারতীয় উপমহাদেশ থেকে ইউরোপীয় মধ্যবর্তী সকল ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠির অন্তর্ভুক্ত। ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠিকে আবার প্রধান দুটি শাখায় ভাগ করা হয়েছে - ১. কেন্তম, ২. শতম। এ দুটি শাখার উপশাখা রয়েছে ৮টি - **গ্রিক, ইতালিক, কেল্টিক, জার্মানিক, আর্য (ইন্দো-ইরানীয়া), বাল্টো-স্লাভিক, আর্মেনীয় এবং আলবেনীয়**। এর প্রথম চারটি কেন্তম শাখার, শেষের চারটি শতম শাখার অন্তর্ভুক্ত। ইউরোপীয় ভাষাগুলোকে কেন্তম ও আর্য (ইন্দো-ইরানীয়) শতম শাখায় ধরা হয়।



## বাংলা ভাষার উৎপত্তি
## Origin of Bengali Language

ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠির শতম শাখার একটি উপশাখা হল, আর্য (ইন্দো-ইরানীয়)। আর্য ভাষার আবার দুটি শাখা - ইরানীয়, ভারতের আর্য ভারতীয় আর্যভাষার তিনটি স্তর -

**প্রাচীন ভারতীয় আর্যভাষা :** বৈদিক ও সংস্কৃত। বৈদিক ভাষার সময়কাল খ্রিস্টপূর্ব ১২০০অব্দ থেকে ৮০০ অব্দ পর্যন্ত। সংস্কৃত ভাষা খ্রিস্টপূর্ব ৮০০ অব্দ থেকে এটি বিধিবদ্ধ হতে থাকে খ্রিস্টপূর্ব ৪০০ অব্দ দিকে পাণিনির অষ্টাধ্যায়ী গ্রন্থের মাধ্যমে চূড়ান্ত রূপ লাভ করে। সংস্কৃতের প্রাচীন রূপ হল, বৈদিক।

**মধ্যভারতীয় আর্যভাষা :** প্রাকৃত ভাষা (প্রাচীন ভারতীয় আর্য কথ্য ভাষা)। খ্রিস্টপূর্ব ৪০০ অব্দ থেকে ১০০০ খ্রিস্টাব্দ পর্যন্ত ভারতের বিভিন্ন স্থানে প্রচলিত ছিল। প্রাকৃত ভাষার কয়েকটি স্তর রয়েছে। এর মধ্যে শেষ স্তরের নাম অপভ্রংশ বা অবহট্ঠ অর্থাৎ যা খুব বিকৃত হয়ে গেছে।

**আধুনিক ভারতীয় আর্যভাষা :** অপভ্রংশ থেকেই উৎপন্ন হয়েছে - বাঙলা, হিন্দি, গুজরাট, মারাঠি ও পাঞ্জাবী প্রভৃতি ভাষা। এদের জন্ম ১০০০ খ্রিস্টাব্দ বলে মনে করা হয়। **মনে রাখতে হবে,** ভারতীয় আর্যভাষার প্রাচীন নির্দশন পাওয়া যায় ঋক্ বেদে (১২০০ - ১১০০ খ্রিস্টপূর্বে রচিত) বেদ যে ভাষায় লেখা হয়েছিল তার নাম হল, বৈদিক ভাষা। এ সময় থেকেই ভাষা ব্যবহারের প্রমাণ পাওয়া যায়। একটা সময় এ বৈদিক ভাষা মানুষের কাছে কঠিন মনে হতে থাকে। ফলে ব্যাকরণবিদগণ নানা নিয়ম বিধিবদ্ধ একটি ভাষা সৃষ্টি করেন। যার নাম সংস্কৃত অর্থাৎ বিধিবদ্ধ, পরিশীলিত, শুদ্ধ ভাষা। **সংস্কৃত** ছিল হিন্দু সমাজের উঁচু শ্রেণির মানুষের লেখা ও পড়ার ভাষা, কথ্যভাষা না। তখন ভারতবর্ষে মানুষের ভাষা ছিল, কথ্যভাষা অর্থাৎ যে ভাষায় মানুষ কথা বলত তাকে বলা হয় **প্রাকৃত ভাষা** বা প্রাচীন ভারতীয় আর্য কথ্যভাষা। অঞ্চলভেদে প্রাকৃত ভাষার বিভিন্ন রূপ লক্ষ্য করা যায়। যেমন,**মাগধী প্রাকৃত, অর্ধমাগধী প্রাকৃত, মহারাষ্ট্রীয় প্রাকৃত, প্রাচীন সিংহলী প্রাকৃত, শৌরসৈনি প্রাকৃত, পৈশাচি প্রাকৃত, গৌড়ীয় প্রাকৃত** ইত্যাদি। প্রাকৃত থেকে বাংলা ভাষার জন্ম। তবে প্রাকৃতের কোন রূপ থেকে বাংলা ভাষার উৎপত্তি তা নিয়ে দু'জন পণ্ডিতের মত প্রণিধানযোগ্য। অন্যান্য পণ্ডিতের মোটামুটি এ দুটি মতের কোন না কোনটা সমর্থন করেছেন।

**ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে,** গৌড়ীয় প্রাকৃত। গৌড়ীয় প্রাকৃতের পরিণত অবস্থা গৌড়ীয় অপভ্রংশ। **গৌড়ীয় অপভ্রংশ ▸** বঙ্গকামরূপী ▸ বাংলা ভাষার উৎপত্তি। তার মতে ৬৫০ খ্রিস্টাব্দের কাছাকাছি অর্থাৎ **সপ্তম শতকের** বাংলা ভাষার জন্ম।

| | |
|---|---|
| ২৮. শ্রীরামপুর মিশনের অধ্যক্ষ ছিলেন - **উইলিয়াম কেরি।** | ২৯. ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন - **লর্ড ওয়েলেসলি** (১৮০০ খ্রিঃ) |
| ৩০. গদ্য সাহিত্যের বিকাশে যে বিদেশের অবদান বেশি – **উইলিয়াম কেরি।** | ৩১. উইলিয়াম কেরির রচনা – **কথোপকথন,ইতিহাসমালা** ইত্যাদি। |
| ৩২. বাঙালি রচিত প্রথম মুদ্রিত গ্রন্থ – **রাজা প্রতাপাদিত্য চরিত্র।** | ৩৩. বাংলা ভাষার প্রথম সাময়িক পত্র – **দিগদর্শন** (মাসিক)। |

## নাটক

| | |
|---|---|
| ৩৪. ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ –**নীল দর্পণ** নাটকটি। | ৩৫. নীল দর্পণ (১৯৬০) এর রচয়িতা – **দীন বন্ধু মিত্র।** |
| ৩৬. বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটক –**কৃষ্ণকুমারী** (মাইকেল মধুসূদন দত্ত) | ৩৭. মুনীর চৌধুরী বিখ্যাত – **নাট্যকার ও গবেষক** হিসেবে। |
| ৩৮. তাঁর কবর নাটকটি – **১৯৫২ সালের ভাষা আন্দোলন** কেন্দ্রিক রচিত। | ৩৯. 'প্রফুল্ল 'গিরীশচন্দ্র ঘোষের প্রথম ও প্রধান – **সামাজিক** নাটক। |

## উপন্যাস

| | |
|---|---|
| ৪০. বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস – **আলালের ঘরের দুলাল।** | ৪১. আলালের ঘরের দুলাল-এর রচয়িতা –**প্যারিচাঁদ মিত্র।** |
| ৪২. আবদুল্লাহ উপন্যাসের লেখক – **কাজী ইমদাদুল হক।** | ৪৩. এই উপন্যাসের উপজীব্য –**তৎকালীন মুসলিম মধ্যবিত্ত সমাজের চিত্র।** |
| ৪৪. প্রথম বাংলা সার্থক উপন্যাস – **দুর্গেশ নন্দিনী** (বঙ্কিমচন্দ্র)। | |

## বিবিধ

| | |
|---|---|
| ৪৫. 'মধুর চেয়েও আছে মধুর সে আমার দেশের মাটি' উক্তিটি – **সত্যেন্দ্রনাথ দত্ত।** | ৪৬. মোদের গরব, মোদের আশা আ মরি বাংলা ভাষা – **অতুল প্রসাদ সেন।** |
| ৪৭. স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় উক্তিটি – **রঙ্গলাল বন্দোপাধ্যায়।** | ৪৮. নানান দেশে নানান ভাষা বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা ? – **রামনিধি গুপ্ত।** |
| ৪৯. 'শুনহ মানুষ ভাই, সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই' | ৫০. - উক্তিটির প্রবক্তা – **চন্ডীদাস।** |
| ৫১. বাংলা সাহিত্যে সম্রাট বলা হয় – **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে।** | ৫২. বাংলা গদ্যের পথিকৃৎ – **উইলিয়াম কেরি।** |
| ৫৩. সর্বপ্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন – **ম্যানোয়েল দ্যা আসসুম্পাসাঁও** | ৫৪. বাংলা সনের প্রবর্তক → **সম্রাট আকবর।** |
| ৫৫. বাংলা প্রথম নাটক ভদ্রার্জুন – **তারাচরণ শিকদার।** | ৫৬. বাংলা প্রথম মৌলিক নাটক – **কুলীনকুলসর্বস্ব** (রাম নারায়ণ তর্করত্ন) |
| ৫৭. বাংলা গদ্যের জনক → **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।** | ৫৮. প্রথম সার্থক উপন্যাস রচিতা – **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।** |
| ৫৯. বাংলা প্রথম নাটক রচয়িতা – **তারাচরণ শিকদার (ভদ্রার্জুন)** | ৬০. প্রথম সার্থক নাটক রচয়িতা – **মাইকেল মধুসূদন দত্ত।** |
| ৬১. বাংলা ছোট গল্পের জনক – **রবীন্দ্রনাথ ঠাকুর।** | ৬২. বাংলা সাহিত্যের কণিষ্ঠ সন্তান বলা হয় – **ছোট গল্পকে।** |
| ৬৩. বাংলায় কুরআন শরীফের প্রথম অনুবাদক – **ভাই গিরিশচন্দ্র সেন।** | ৬৪. বিশ্ব ভারতী প্রতিষ্ঠিত হয় – **১৯২১ খ্রিস্টাব্দ।** |
| ৬৫. বাংলা একাডেমি কার্যালয়ের পূর্ব নাম – **বর্ধমান হাউজ।** | ৬৬. বাংলা একাডেমির প্রথম সভাপতি – **মাওলানা আকরাম খাঁ** |
| ৬৭. বাংলা একাডেমির মাসিক পত্রিকার নাম – **লেখা।** | ৬৮. বাংলা ভাষার ব্যাকরণ প্রথম যে ভাষায় রচিত হয় – **পর্তুগিজ ভাষায়** |
| ৬৯. 'ভাষা - প্রকাশ বাঙালা ব্যাকরণ'গ্রন্থের রচয়িতা – **সুনীতিকুমার চট্টোপাধ্যায়।** | ৭০. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলা ব্যাকরণের নাম – **বাংলা ভাষা পরিচয়।** |

# ০২.খ অধ্যায়

# ধ্বনির পরিবর্তন

## Sound Change

ভাষার পরিবর্তন ধ্বনির পরিবর্তনের সাথে সম্পৃক্ত। উচ্চারণের সহজীকরণ উচ্চারণের দ্রুততা, অসাবধানতা ও মুখগহ্বরের প্রত্যঙ্গ, আড়ষ্টতা বা হীনতা ইত্যাদি কারণে ধ্বনির পবির্তন ঘটে। ১৮৭০ সালে প্রখ্যাত ধ্বনীবিজ্ঞানিগণ একমত হন যে ভাষায় ধ্বনির পরিবর্তন একটি স্বাভাবিক বিষয়। যেমন, মুলা > মুলো, শরীল > শরীর। অনেক প্রক্রিয়ায় ধ্বনির পরিবর্তন হতে পারে। যেমন –

| নাম | সংজ্ঞা | উদাহরণ |
|---|---|---|
| আদি স্বরাগম Prothesis | উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোন কারণে শব্দের আদিতে স্বরধ্বনির আগমন ঘটলে তাকে বলা হয় আদি স্বরাগম। | স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল, স্নেহ > ইস্নেহ, স্নান > সিনান |
| মধ্য স্বরাগম, স্বরভক্তি বা বিপ্রকর্ষ Anaptyxis | সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটে। স্বরধ্বনির এরূপ স্বরাগমকে বলা হয় মধ্য স্বরাগম। | গ্রাম > গেরাম, ভ্রূ > ভুরু ফিল্ম >ফিলিম, মুক্তা > মুকুতা প্রেক > পেরেক |
| অন্ত্যস্বরাগম Apothesis | কোন কোন সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনির আসে। এরূপ স্বরাগমকে বলা হয় অন্ত্যস্বরাগম। | দিশ্ > দিশা, পোখ্ত > পোক্ত, বেঞ্চ > বেঞ্চি, সত্য > সত্যি, দুষ্ট > দুষ্টু |
| সমীভবন Assimilation | শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্পবিস্তর সমতা লাভ করে। এ বিষয়টিকে বলা হয় সমীভবন। সমীভবন মূলত তিন প্রকার। যথা : প্রগত, পরাগত, অন্যান্য। | পাঁচজন > পাঁজ্জন, জন্ম > জন্ম |
| বিষমীভবন Dissimilation | যখন দুটি অভিন্ন বা একই বৈশিষ্ট্যসম্পন্ন ধ্বনির মধ্যে একটি বদলে যায়, তখন তাকে বিষমীভবন বলে। | শরীর > শরীল, লাল > নাল, অভিভাবক > অবিভাবক |
| ধ্বনি বিপর্যয় Sound disaster | শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর স্থান পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বা ধ্বনি বিপর্যাস বলে। | বাক্স > বাসক, লাফ > ফাল, পিশাচ > পিচাশ, রিক্সা > রিস্কা। |
| অপিনিহিত Apenthesis | পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জন ধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিত বলে। | কাল > কাইল, বাক্য > বাইক্য, আজি > আইজ, চারি > চাইর। |
| অভিশ্রুতি Umlaut | বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। | বলিয়া > বইল্যা > বলে, করিয়া > কইর‍্যা > করে। |
| সম্প্রকর্ষ বা স্বরলোপ | দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোন স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ বা স্বরলোপ। এটি তিনভাবে হতে পারে | বসতি > বস্‌তি, জানালা > জান্‌লা। |
| | **আদি স্বরলোপ : Aphesis :** প্রথমের স্বরধ্বনি লোপ হলে- | অলাবু > লাবু, উধার > ধার |
| | **মধ্যস্বরলোপ : Syncope :** শব্দের মধ্য স্বরধ্বনি লোপ হলে | গামোছা > গামছা, সুবর্ণ > স্বর্ণ |
| | **অন্তস্বরলোপ : Apocope :** শব্দের শেষ স্বরধ্বনি লোপ হলে | আশা > আশ, চারি > চার |

| | |
|---|---|
| বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান | ড. মুহম্মদ শহীদুল্লাহ |
| বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান | আহমদ শরীফ |
| বাংলা একাডেমি ইংরেজি-বাংলা অভিধান | জিল্লুর রহমান সিদ্দিকী |
| বাংলা একাডেমি প্রমিত বাংলা বানান অভিধান | জামিল চৌধুরী |
| বাংলা একাডেমি সমকালীন বাংলা ভাষার অভিধান | আবু ইসহাক |
| বাংলা একাডেমি ঐতিহাসিক অভিধান | মনজুরুর রহমান |

# বাংলা ব্যাকরণ : BANGLA GRAMMAR

**বাংলা ব্যাকরণ :** ব্যাকরণ ; (বি + আ + √কৃ + অন) শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বিশেষভাবে বিশ্লেষণ। ড. মুহাম্মদ শহীদুল্লাহ'র মতে, "যে শাস্ত্র জানিলে বাঙ্গালা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহার নাম বাংলা ব্যাকরণ।"। ব্যাকরণের প্রধান কাজ ভাষার বিশ্লেষণ। ব্যাকরণ ভাষার অনুগামী এবং ভাষাকে বিশ্লেষণ করে। এককথায় ভাষার অভ্যন্তরীণ শৃংখলা আবিষ্কারই ব্যাকরণের কাজ।

## ব্যাকরণের সার্বিক আলোচ্য বিষয় - ৬টি।

যথা : ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব বা পদক্রম, অর্থতত্ত্ব বা বাগর্থ বিজ্ঞান, ছন্দ ও অলংকার প্রকরণ, অভিধানতত্ত্ব।

◈ ব্যাকরণের প্রধান ও মৌলিক আলোচ্য বিষয় - ৪টি।

যথা : ১. ধ্বনিতত্ত্ব(Phonology) ২. শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব(Morphology) ৩. বাক্যতত্ত্ব বা পদক্রম(Syntex) ৪. অর্থতত্ত্ব বা বাগর্থ বিজ্ঞান (Semantics)

## ব্যাকরণের শাখাসমূহের আলোচ্য অধ্যায় বা বিষয়সমূহ

Subject of Sections of Bangla Grammar

| শাখা | আলোচ্য বিষয় | | | |
|---|---|---|---|---|
| ধ্বনিতত্ত্ব Phonology | সন্ধি, | ণ-ত্ব ও ষ-ত্ব বিধি | ধ্বনির উচ্চারণ ও উচ্চারণ স্থান | |
| | বর্ণের বিন্যাস | | ধ্বনির পরিবর্তন ও লোপ | |
| শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব Morphology | প্রকৃতি-প্রত্যয়, সমাস | পুরুষ, বচন ও লিঙ্গ | পদ ; বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া ও অব্যয় | |
| | ক্রিয়ার কাল ও বাচ্য | শব্দ, শব্দরূপ, শব্দদ্বৈত | অনুসর্গ | কারক বিভক্তি |
| বাক্যতত্ত্ব বা পদক্রম Syntax | বিরাম চিহ্ন, বাগধারা, বাক্য ও বাক্য বিন্যাস : গঠন প্রণালী, বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন এবং পদবিন্যাস ও রূপ পরিবর্তন | | | |
| অর্থতত্ত্ব Semantics | শব্দের অর্থ বিচার | বাক্যের অর্থ বিচার | অর্থের বিভিন্নপ্রকারভেদ, যেমন মুখ্যার্থ, গৌণার্থ, বিপরীতার্থ ইত্যাদি | |
| | ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচনা হয়। | | | |

## বাংলা ব্যাকরণ বিষয়ক কিছু গ্রন্থ

Famous Books of Bangla Grammar

⇒ প্রাচীন ভারতের শ্রেষ্ঠ ভাষাবিদ - পাণিনি।

⇒ বাংলা ভাষার প্রথম ব্যাকরণ (পর্তুগিজ ভাষায় লিখিত) পর্তুগিজ পাদ্রি **মনোএল দা আস্‌সুম্পসাউ** রচিত : **Bocabulario em Idiomae Bengalla'e Portuguez** 'ভোকাবুলির এম ইদিওমা বেনগল্লা ই পোরতুগিজ' (১৭৪৩সালে)।

⇒ বাংলা ভাষার প্রথম ব্যাকরণগ্রন্থ (ইংরেজিতে তবে আংশিক বাংলায়) **ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড** রচিত : **"A Grammar of the Bengal Language"** (১৭৭৮সালে)।

⇒ **উইলিয়াম কেরি** ১৮০১ সালে ইংরেজিতে **A Grammar of the Bengali Language** নামে ব্যাকরণ রচনা করেন।